# বাংলাদেশ নৌবাহিনী

## লেঃ কমান্ডার পদবিতে সরাসরি কমিশন্ড অফিসার পদে বিশেষজ্ঞ চিকিৎসক (পুরুষ/মহিলা) হিসেবে যোগ দিন

### উপযুক্ততা

১। **শিক্ষাগত যোগ্যতা**। এফসিপিএস/এফআরসিএস/এমআরসিপি/এমএস/এমডি অথবা সমমান যা বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক স্বীকৃত।

২। **ক্যাটাগরি**। নিম্নবর্ণিত ক্যাটাগরিসমূহে বিশেষজ্ঞ চিকিৎসকগণ (পুরুষ ও মহিলা) আবেদন করতে পারবেন :

ক। Cardiologist　খ। Nephrologist　গ। Orthopedic Surgeon
ঘ। Gynecologist　ঙ। Radiologist

৩। **বৈবাহিক অবস্থা**। বিবাহিত/ অবিবাহিত।

৪। **জাতীয়তা**। জন্মসূত্রে বাংলাদেশি নাগরিক।

৫। **বয়স**। ০১ জানুয়ারি ২০২৬ তারিখে অনূর্ধ্ব ৪৫ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

৬। ***শারীরিক যোগ্যতা**।

| | পুরুষ | মহিলা |
|---|---|---|
| ক। *উচ্চতা | : ১৬২.৫ সেঃ মিঃ (৫′-৪″) | ১৫২ সেঃ মিঃ (৫′) |
| খ। *বুকের মাপ | : স্বাভাবিক ৭৬ সেঃ মিঃ (৩০″) | স্বাভাবিক ৭১ সেঃ মিঃ (২৮″) |
| | : সম্প্রসারিত ৮১ সেঃ মিঃ (৩২″) | সম্প্রসারিত ৭৬ সেঃ মিঃ (৩০″) |
| গ। *ওজন | : উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্রবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের মধ্যে হওয়া বাঞ্চনীয়। | |

*** বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিথিলযোগ্য।**

৭। **দৃষ্টিসীমা**। চোখের দৃষ্টিক্ষমতা চশমাসহ স্বাভাবিক হতে হবে।

### অযোগ্যতা

৮। সেনা, নৌ ও বিমান বাহিনী অথবা যেকোন সরকারি চাকুরি হতে বরখাস্ত কিংবা অপসারিত।

৯। যেকোন বিচারালয় হতে দন্ডপ্রাপ্ত।

১০। কোন বিদেশি নাগরিকের সাথে বিবাহসূত্রে আবদ্ধ বা অঙ্গীকারবদ্ধ।

১১। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোনো দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি প্রাপ্ত।

### মনোনয়ন পদ্ধতি

১২। **প্রাথমিক নির্বাচনী পরীক্ষা ও সাক্ষাৎকার এবং চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা**। প্রাথমিক নির্বাচনী পরীক্ষা ও সাক্ষাৎকার এবং চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ০১ - ২০ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। তবে প্রার্থীদেরকে নির্দিষ্ট তারিখ পরবর্তীতে জানানো হবে। উল্লেখ্য, প্রাথমিক সাক্ষাৎকার ও চূড়ান্ত মনোনয়নের সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কসীট এর মূলকপি প্রদর্শন করতে হবে।

১৩। **আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার**। প্রয়োজন নেই।

১৪। **চূড়ান্ত মনোনয়ন**। চূড়ান্ত মনোনয়নের তারিখ পরবর্তীতে জানানো হবে। সকল পরীক্ষায় যোগ্যতা অর্জন সাপেক্ষে শূন্য পদের বিপরীতে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদের নিয়োগপত্র প্রদান করা হবে।

### প্রশিক্ষণ ও পশ্চাৎ প্রবীণতা

১৫। **বিএনএ প্রশিক্ষণ**। চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর ট্রেইনি অফিসার হিসেবে বিএনএ-তে ০৪ (চার) সপ্তাহ এবং বানৌজা পতেংগায় ০৪ (চার) সপ্তাহ ওরিয়েন্টেশন কোর্স করবেন।

১৬। **কমিশন ও পশ্চাৎ প্রবীণতা**। কৃতকার্যের সাথে প্রশিক্ষণ সমাপ্তির পর সরাসরি লেফ্‌টেন্যান্ট কমান্ডার পদে কমিশন প্রদান এবং বিএনএ-তে যোগদানের তারিখ হতে ০৮(আট) বছর পর্যন্ত পশ্চাৎ প্রবীণতা **(Anti-dated Seniority)** প্রদান করা হবে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী বেতন স্কেলে পশ্চাৎ জ্যৈষ্ঠতা অনুযায়ী যথাযথ ধাপে নির্ধারিত হবে এবং পশ্চাৎ প্রবীণতাকাল পেনশন যোগ্য চাকুরী হিসেবে গণনা করা হবে।

**দেশ সেবার সুযোগ,
নেতৃত্বের চ্যালেঞ্জ ও রোমাঞ্চকর জীবনের অভিজ্ঞতা অর্জন করতে
যোগ দিন
বাংলাদেশ নৌবাহিনীতে**







### বেতন ও ভাতা

১৭। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

### অন্যান্য বিশেষত্ব

১৮। **উচ্চতর প্রশিক্ষণ সুবিধা**। মেধাবী অফিসারগণের জন্য দেশ-বিদেশে সরকারি খরচে বিভিন্ন ক্যাটাগরিতে উচ্চতর প্রশিক্ষণের সুযোগ।

১৯। **জাতিসংঘ মিশন**। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োগ, শুভেচ্ছা সফরে বিদেশ ভ্রমণ ও আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ।

২০। **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য যোগ্যতার ভিত্তিতে ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এবং নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/ কলেজে অধ্যয়নের সুযোগ।

২১। **বাসস্থান**। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন, সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি।

২২। **প্লট**। ঢাকা ও অন্যান্য স্থানে প্লট প্রাপ্তির সুবিধা।

২৩। **চিকিৎসা**। নিজ ও পরিবারের সদস্যদের জন্য সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

২৪। প্রাইভেট প্র্যাকটিস এর সুযোগ।

২৫। **থোক মঞ্জুরী**। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী নৌবাহিনীতে যোগদানের পর বিধি মোতাবেক থোক মঞ্জুরী প্রাপ্য হবেন।

### আবেদন ফরম পূরণ ও জমা প্রদান

২৬। **অনলাইনে আবেদন পদ্ধতি**। আবেদনকারী প্রার্থীগণকে https://joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর বাম পার্শ্বে APPLY NOW এ ক্লিক করে আবেদন পদ্ধতি অনুসরণ করতে হবে। আবেদনের শেষ পর্যায়ে অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করা যাবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমন- VISA, Master Card ও American Express) এবং মোবাইল ব্যাংকিং যেমন- **বিকাশ**, **রকেট**, **নগদ**, **TAP**, **ওকে ওয়ালেট**, **কিউক্যাশ**, **নেক্সাস**, **এমক্যাশ**, **এ্যামেক্স**, **ব্যাংক এশিয়া**, **এবি ব্যাংক**) ইত্যাদির মাধ্যমে চার্জসহ ১০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সাথে সাথেই প্রার্থীকে মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র ও Form Commission-3A (পূরণকৃত আবেদন ফর্ম) ডাউনলোড ও প্রিন্ট করে নিতে হবে। পরবর্তীতে মৌখিক পরীক্ষার সময় প্রবেশ পত্রে বর্ণিত সকল কাগজপত্রসহ Form Commission-3A জমা দিতে হবে। অনলাইনে আবেদন করতে যে কোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে Bulletin-এ দেখানো সাপোর্ট নম্বরসমূহে অথবা ০১৭৯১৯৯৯০০২ নম্বরে সরাসরি যোগাযোগ করুন।

### বিশেষ নির্দেশাবলী

২৭। সরকারি, আধাসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা নৌসদর সংরক্ষণ করে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদান পত্র প্রদান/ বাতিলের ক্ষমতা নৌসদর সংরক্ষণ করে।

২৮। সামরিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএনএ-তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

**অনলাইনে
আবেদনের সময়সীমা
০১ নভেম্বর ২০২৫ হতে
২৫ নভেম্বর ২০২৫**

পরিচালক
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুন ঃ
ফোনঃ (০২) ৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৬
হেল্প লাইন :
০৯৬১৩৪৬২২১৫ (০৮০০-১৪৩০ ঘটিকা)
০১৭৬৯৭০২২১৫ (০৮০০-২০০০ ঘটিকা)

**অনলাইনে আবেদন করতে ভিজিট করুন ঃ https://joinnavy.navy.mil.bd**